দৈনিক
ইনকিলাব

তারিখ ... 11 NOV 2007 ...
পৃষ্ঠা . ৪ . কলাম . ২ ...

# রাবিতে প্রবেশপত্র পেয়েও পাঁচ হাজার শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারছে না

শহীদুল ইসলাম, *রাবি*

প্রবেশপত্র হাতে পেয়েও চলতি শিক্ষাবর্ষে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে পাঁচ সহস্রাধিক শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারছে না। বিশ্ববিদ্যালয় প্রশাসন ও সংশ্লিষ্ট বিভাগসমূহের দায়িত্বহীনতার কারণে এ অবস্থার সৃষ্টি হয়েছে। এমতাবস্থায় ভর্তি পরীক্ষায় অংশ না নিতে পারা ওইসব শিক্ষার্থীর প্রায় পাঁচ লাখ টাকা গচ্চা যাচ্ছে। কোন্ খাতে কিভাবে এ টাকা ব্যয় করা হবে তা নিয়েও বিভ্রান্তি সৃষ্টি হয়েছে বলে জানা গেছে। তবে ভুক্তভোগীরা পরীক্ষায় অংশ নিতে না পারায় তাদের টাকা ফেরত চেয়েছেন। প্রসঙ্গত, আগামীকাল সোমবার থেকে রাবিতে প্রথমবর্ষে ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে।

খোঁজ নিয়ে জানা গেছে, রাবির ২০০৭-০৮ শিক্ষাবর্ষে সম্মান শ্রেণীতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা নির্ধারণ করে গত ২৩ সেপ্টেম্বর, তা বিভিন্ন জাতীয় ও আঞ্চলিক পত্রিকায় বিজ্ঞপ্তি হিসেবে প্রকাশ করা হয়। প্রকাশিত ওই বিজ্ঞপ্তিতে 'কোন শিক্ষার্থী বিজ্ঞান শাখা থেকে অন্য শাখায় গেলে বিজ্ঞান শাখার নির্ধারিত যোগ্যতা থাকতে হবে'—এই শর্তটি উল্লেখ ছিল না। কিন্তু পরবর্তীতে ভর্তি ফরম জমা শুরুর দু'দিন পর বিশ্ববিদ্যালয় প্রশাসন নতুন করে এই শর্তারোপ করে। এতে শিক্ষার্থীদের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি হয় এবং অনেক শিক্ষার্থীই ভর্তি ফরম জমা দেয়ার এই নতুন যোগ্যতার বিষয়ে অবহিত হতে পারেনি। ফলে আগের প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তিকে অনুসরণ করে তারা ভর্তি ফরম জমা দেয়। ফলে যোগ্যতা না থাকা ওইসব শিক্ষার্থীর ভর্তি ফরম জমা না নেয়ার কথা থাকলেও সংশ্লিষ্ট বিভাগের শিক্ষক-কর্মকর্তাদের গাফিলতিতে

## আগামীকাল থেকে শুরু

ফরম জমা নিয়ে তাদেরকে প্রবেশপত্র সরবারহ করা হয়। এছাড়া ভর্তি ফরমে বৃদ্ধাঙ্গুলির ছাপ না থাকা, ভুলভাবে ফরম পূরণ এবং প্রয়োজনীয় কাগজপত্র সংযোজন না করার ফলেও অনেকের ফরম বাতিল হয়ে গছে। সূত্র জানায়, এ বছর শুধুমাত্র সমাজকর্ম বিভাগেই যোগ্যতা না থাকলেও আগের ভর্তি বিজ্ঞপ্তি অনুসরণ করে পূরণ করা দুই হাজারেরও বেশি শিক্ষার্থীর নিকট থেকে ফরম জমা নিয়ে তাদেরকে প্রবেশপত্র বিতরণ করা হয়। পরে যাচাই-বাছাই করে এসব ফরম বাতিল করা হয়েছে। ফলে প্রবেশপত্র হাতে পেয়েও ওইসব শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিতে পারছেনা। সূত্রমতে, সামাজিকবিজ্ঞান, কলা, ব্যবসায় প্রশাসন ও আইন অনুষদের অন্তর্ভুক্ত বিভাগগুলোতে এই সমস্যা সবচেয়ে বেশি। তবে বিজ্ঞান ও জীব ও ভূ-বিজ্ঞান অনুষদের আওতাভুক্ত বিভাগগুলোতেও এবার যোগ্যতা না থাকা সত্ত্বেও প্রথম দিকে বেশকিছু ফরম জমা নিয়ে প্রবেশপত্র বিতরণ করা হয়। তবে সমাজকর্ম বিভাগে ভর্তি ফরম জমা ও বিতরণ ব্যবস্থায় চরম বিশৃঙ্খলা ও কর্তব্যরত শিক্ষক-কর্মকর্তাদের দায়িত্বহীনার ফলে এই সমস্যা চরম মাত্রায় পৌছেছে বলে ভুক্তভোগীরা জানিয়েছেন। এ ব্যাপারে যোগাযোগ করা হলে সমাজকর্ম, লোক প্রশাসন, সমাজবিজ্ঞানসহ বিভিন্ন বিভাগের সভাপতিরা জানান, বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে ভর্তির যোগ্যতা নির্ধারণের ক্ষেত্রে সঠিক সময়ে দিকনির্দেশনা না পাওয়ায় এই সমস্যার সৃষ্টি হয়েছে। এছাড়া ফরম জমা নেয়ার সময় সংশ্লিষ্ট শিক্ষক-কর্মকর্তাদের ভুলের ফলেও যোগ্যতা না থাকা বেশকিছু শিক্ষার্থীর ফরম জমা নিয়ে তাদের প্রবেশপত্র সরবারহ করা হয়েছে বলে তারা জানান। কয়েকটি বিভাগের সভাপতি দাবি করেন, ভুলবশত জমা নেয়া শিক্ষার্থীদের পরবর্তীতে টাকা ফেরত দেয়া হয়েছে।

৪০